

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) ‘মানি গো খুব মানি, মনে মনে মানি।’ — বক্তা কে? কী মানার কথা বলা হয়েছে?
- খ) ‘বেটা বেটা বলছেন কেনে?’ কে কাকে উদ্দেশ্য করে একথা বলেছে?
- গ) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসে ব্যবহৃত দুটি প্রবাদ উল্লেখ করো।
- ঘ) নালু পাল কত টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করেছিল? নালু পালের স্ত্রীর নাম কী?

- ঙ) ‘আমারে মেরো না বাবা! আমার বাত শ্লেষ্মার অসুখ আছে, আমি তাহলে মরি যাব।’ — কে কাকে কখন একথা বলেছে?
- চ) ‘ইছামতী’ উপন্যাসে উল্লিখিত দুটি পত্রিকার নাম লেখো।
- ছ) ‘হৃদয়-রাসমন্দিরে দাঁড়া মা ত্রিভঙ্গ হয়ে’ — কে কখন এ গান গেয়েছে?
- জ) ‘কোথায় যাওয়া হবে গো চপওয়ালি?’ — বক্তা কে? সে কাকে ‘চপওয়ালি’ সম্বোধন করে?
- ঝ) ‘তোমার লজ্জা করে না মেয়ে সাজতে?’ — কে কার উদ্দেশ্যে এ কথা বলেছে?
- ঞ) ‘রাঙামাটির নাম আছে ইতিহাসে’ — ‘রাঙামাটি’ বলতে ইতিহাস-প্রসিদ্ধ কোন্ জায়গার কথা বলা হয়েছে? সেখানে কোন্ রাজার রাজধানী ছিল?
- ট) ‘মায়ামৃদঙ্গ’ উপন্যাসটি কোন্ লোকনাট্য অবলম্বনে রচিত? এই নাটকের একজন ওস্তাদ শিল্পীর নাম করো।
- ঠ) ‘তুই ব্যাটা ধরাধামে এক অ-ধরা। খুব জ্বালাবি!’ — কে কাকে একথা বলেছে?
- ড) ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসটি কত সালে কোন্ পত্রিকার শারদ সংখ্যায় প্রকাশিত হয়?
- ঢ) ‘নীলের বাঁধ’ ও ‘গোরার বাঁধ’ নামকরণের কারণ কী?
- ণ) ‘তেরের পালুনি’ কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে প্রতীকের ব্যবহার উপন্যাসের শিল্পসত্তাকে অনন্যতা দান করেছে। — সংক্ষেপে আলোচনা করো।
- খ) নসুবাবা চরিত্রটি আলোচনা করে উপন্যাসে তার উপযোগিতা বিচার করো।
- গ) 'ইছামতী' উপন্যাসের স্বাধীনচেতা নারী চরিত্র নিস্তারিণী — আলোচনা করো।
- ঘ) 'ইছামতী' উপন্যাসে একটি সময়ের অর্থনৈতিক পালাবদলের চিত্র ধরা পড়েছে — যুক্তিসহ আলোচনা করো।
- ঙ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে বিভিন্ন চরিত্রের মুখের ভাষা যেভাবে একটি আঞ্চলিক ভাষাকে জীবন্ত করে তুলেছে তা উদাহরণসহ আলোচনা করো।
- চ) উপন্যাসে 'গঙ্গামণি' চরিত্রটির গুরুত্ব বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) আঞ্চলিক উপন্যাস হিসাবে 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসের সার্থকতা বিচার করো।
- খ) 'ইছামতী' উপন্যাসে সমাজজীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করো।

গ) 'যারা পুরুষ - তবু পুরুষ নয়, নারী - তবু নারীও নয়' — 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে 'নাচিয়ে ছোকরা' — দের সম্পর্কে এ মন্তব্যের যথার্থতা বিচার করো।

ঘ) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসের কথক সুচাঁদ চরিত্রটি উপস্থাপনের সার্থকতা বিচার করো।
